

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪৮

খোয়াই, ৫ জুন, ২০২৪

খোয়াই মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তে জনসাধারণের চলাচলে বিধিনিষেধ

খোয়াই মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তে শান্তি ও সুস্থিতি রক্ষায় সীমান্ত এলাকার ৫০০ মিটার এলাকায় সিআরপিসি'র ১৪৪ ধারায় জনসাধারণের চলাচলে কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। খোয়াই জেলার জেলাশাসক চান্দনি চন্দ্রন এক আদেশে এই বিধিনিষেধ আরোপ করেছেন। গত ২৯মে, ২০২৪ থেকে এই আদেশ কার্যকর হয়েছে। আদেশে বলা হয়েছে আগামী ২৭ জুলাই, ২০২৪ পর্যন্ত এই বিধিনিষেধ বলবৎ থাকবে। এই সময়ে প্রতিদিন রাত ৮টা থেকে পরদিন ভোর ৫টা পর্যন্ত এই আদেশ কার্যকর হবে। এই আদেশ আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত সামরিক বাহিনী, আধা সামরিক বাহিনী, রাজ্য পুলিশের কর্মীদের ক্ষেত্রে এবং জেলার এসপি ও খোয়াই মহকুমার মহকুমা শাসকের বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তিদের ক্ষেত্রে, অফিসের জরুরী কাজে নিযুক্ত ব্যক্তিদের ক্ষেত্রে, জরুরী চিকিৎসার প্রয়োজন এমন ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হবেনা। এই আদেশ অমান্য করলে ভারতীয় দণ্ডবিধির ১৮৮ ধারায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
